গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অধিশাখা-১১
www.mof.gov.bd

নং- ০৭.১১১.০২০.০১.০০.০০৩.২০১৬-৭৩৫ তারিখঃ ০৩/১২/২০১৮ খ্রিঃ

# পরিপত্র

**বিষয়ঃ উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর অত্যাবশ্যকীয়/অপরিহার্য পদ সৃজন ও জনবল নিয়োগ।**

মন্ত্রিপরিষদ বিভাগের ২২/০১/২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/সক-০১/২০০৩/২৮ নং প্রজ্ঞাপন অনুযায়ী প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার বিভিন্ন প্রকল্পের ডিপিপি/টিপিপি প্রণয়নকালে পদ/লোকবল নির্ধারণ সংক্রান্ত কমিটি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকালের জন্য প্রয়োজন অনুসারে প্রকল্পের পদ/লোকবলের ধরণ ও সংখ্যা নির্ধারণের জন্য সুপারিশ প্রদান করে থাকে। কিন্তু প্রকল্পের বাস্তবায়নোত্তর পর্যায়ে প্রয়োজনীয় জনবলের বিষয়ে এ কমিটি কোন সুপারিশ প্রদান করে না।

২। উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর এর কার্যক্রম পরিচালনার জন্য কতিপয় ক্ষেত্রে পদ সৃজন এবং নতুন জনবল নিয়োগ অপরিহার্য হয়ে পড়ে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, যথাসময়ে পদ সৃজন ও জনবল নিয়োগের উদ্যোগের অভাবে অনেক ক্ষেত্রেই কার্যক্রমের ধারাবাহিকতা বিঘ্নিত হচ্ছে। ফলে প্রকল্প বাস্তবায়নের মূল লক্ষ্য ও উদ্দেশ্য অর্জন ব্যাহত হচ্ছে এবং প্রত্যাশিত সেবা হতে জনগণ বঞ্চিত হচ্ছে।

৩। উপর্যুক্ত অবস্থার প্রেক্ষিতে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, উন্নয়ন প্রকল্প সমাপ্ত হওয়ার পর যাতে প্রয়োজনীয় জনবলের অভাবে কার্যক্রম পরিচালনা করতে বিলম্ব না হয়, সেজন্য যেসকল প্রকল্পের বাস্তবায়নোত্তর পর্যায়ে জনবল প্রয়োজন, সেসকল ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন শেষ হওয়ার দুই বছর পূর্বেই রাজস্ব বাজেটের আওতায় প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক পদ সৃজনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের সম্মতিক্রমে পদ সৃষ্টির কার্যক্রম গ্রহণ করবে এবং প্রকল্প সমাপ্তির অন্ততঃ এক বছর পূর্বে যথাযথ বিধি-বিধান পালন সাপেক্ষে বাস্তবায়নোত্তর পর্যায়ে প্রয়োজনীয় জনবল নিয়োগ প্রক্রিয়া শুরু করবে।

স্বা.- অস্পষ্ট
০৩/১২/২০১৮

**(ফারজানা আহমেদ)**
উপসচিব
ফোনঃ ৯৫৫৭২০৩
ahmedfarzana3009@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) ঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ............................................................................ মন্ত্রণালয়/বিভাগ।
৫। সদস্য, (সকল)......................................................, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। হিসাব মহা নিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা।
৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।